শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ
ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১
DHAKA PALLI BIDYUT SAMITY-1
ISO 9001:2015 Certified
মুজিব শতবর্ষ MUJIB 100
সদর দপ্তর, পলাশবাড়ী, সাভার, ঢাকা, টেলিফোন: ৭৭৮৮৬৫১, E-Mail:dhakapbs01@gmail.com

স্মারক নং- ২৭.১২.২৬৭২.৫০১.০২.০০৮.২১. ১৮৬৬

তারিখঃ-০৪-১০-২০২১ খ্রিঃ।

# " নিয়োগ বিজ্ঞপ্তি "

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | **মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)** | পবিস বেতন কাঠামো-২০১৬,সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র এবং বাপবিবোর্ডের সার্কুলার অনুযায়ী মূলবেতন ও অন্যান্য ভাতাদি প্রদেয় হবে | ০১) **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর ( ২৮-১০-২০২১) খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>০২) **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার /ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>০৩) **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) প্রার্থীর পাটিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ,বিয়োগ,গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। |

০১। **আবেদন পত্র পূরণ ও জমাদানঃ**

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট (pbs1.dhaka.gov.bd) হতে আবেদন ফরম ডাউন লোড পূর্বক প্রার্থী নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৮-১০-২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, পলাশবাড়ী,সাভার, ঢাকা বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ, সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদন এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (সত্যায়িত কপি);
(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত ''অভিজ্ঞতা সনদ পত্র/প্রত্যয়ন পত্রের'' (এজিএম-প্রশাসন/এইচআর কর্তৃক সত্যায়িত) অনুলিপি ।

০৩। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

(খ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথমপক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী দ্বিতীয় চুক্তি সম্পাদিত হবে। একই ভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে । তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

(গ) বাপবিবোর্ডের সর্বশেষ জারীকৃত সার্কুলার/নীতিমালার আলোকে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে।

(ঘ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একাধিক পবিসে চাকুরী সম্পন্নকারীগণকে অবশ্যই উক্ত সকল পবিসে চাকুরীর "অভিজ্ঞতা সনদ" সত্যায়ন পূর্বক দাখিল করতে হবে।

(ঙ) ইতিপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(চ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী'র রক্ত সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নাই।

(ছ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত হয়ে থাকেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(জ) তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঝ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম - ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত অত্র সমিতিতে নিয়োগের জন্য উপযুক্ত হিসেবে গণ্য হবেন না। তবে সর্বশেষ চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ০৩ (তিন) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র সমিতিতে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।

(ঞ) অসম্পূর্ণ/ভূল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

(ট) অত্র পবিসের ভৌগোলিক এলাকার অর্থাৎ ঢাকা জেলার সাভার উপজেলার ধামসোনা, আশুলিয়া, বিরুলিয়া, শিমুলিয়া ও পাথালিয়া ইউনিয়ন (আংশিক), গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলা ও সদর উপজেলার কাশিমপুর ইউনিয়ন (আংশিক) এর স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঠ) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল করা হবে।

(ড) চুক্তিভিত্তিতে নিয়োগপ্রাপ্ত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।

(ঢ) খামের উপরে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

(ণ) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

04/10/24

( মোঃ আজাহার আলী )
সিনিয়র জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ )

০১। নির্বাহী পরিচালক,বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস উন্নয়ন ও পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক,পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার.............................. পবিস-১/২/৩/৪।
০৫। ডিজিএম(HQ-Tech)/আশুলিয়া/কালিয়াকৈর/চন্দ্রা/ শ্রীপুর/জামগড়া/মৌচাক জোনাল অফিস, ঢাকা পবিস-১।
০৬। নোটিশ বোর্ড, ঢাকা পবিস-১ ।
০৭। ওয়েব সাইট, ঢাকা পবিস-১ (pbs1.dhaka.gov.bd)

04/10/24

( মোঃ আজাহার আলী )
সিনিয়র জেনারেল ম্যানেজার।